

**প্রেস বিজ্ঞপ্তি**  
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**  
**বিভিন্ন অপরাধে ৪০টি প্রতিষ্ঠানকে ২.৫৮ লক্ষ টাকা জরিমানা**

১০ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, শরীয়তপুর, চট্টগ্রাম, চাঁদপুর, খুলনা, নওগাঁ, লক্ষ্মীপুর, নীলফামারী, ঠাকুরগাঁও ও সিলেটে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে জাসান ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরীকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মিয়াজ মুসলিম সুইটস এন্ড বেকারীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনী নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Sigree রেস্টুরেন্ট ও Quick Bite রেস্টুরেন্টকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের বিভিন্ন এলাকায় ৮টি প্রতিষ্ঠানকে ৫০,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত) টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনা মহানগরের বিভিন্ন এলাকায় ৩টি প্রতিষ্ঠানকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক এ.এস.এম মাসুম-উদ-দৌলার নেতৃত্বে সিলেটের গোলাপগঞ্জ উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁও এর পীরগঞ্জ উপজেলায় ৮টি প্রতিষ্ঠানকে ৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল নেতৃত্বে শরীয়তপুরের ডামুড্যা উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ায় নেতৃত্বে লক্ষ্মীপুরের রামগঞ্জ উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা এবং নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে নীলফামারী সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ১,৯৮,৫০০/- (এক লক্ষ আটানব্বই হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অবহেলা, ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্যহানী ইত্যাদি ঘটানো এবং বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১১টি বাজার তদারকিতে ৪০টি প্রতিষ্ঠানকে মোট ২,৫৮,৫০০/- (দুই লক্ষ আটান হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৩ জন অভিযোগকারীদেরকে মং ৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, মহানগর পুলিশ ও জেলা পুলিশ, র্যাব, স্যানিটারী ইন্সপেক্টর, নিরাপদ খাদ্য পরিদর্শক ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা ও রংপুর।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, শরীয়তপুর, চট্টগ্রাম, চাঁদপুর, খুলনা, নওগাঁ, লক্ষ্মীপুর, নীলফামারী, ঠাকুরগাঁও ও সিলেট।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, শরীয়তপুর, চট্টগ্রাম, চাঁদপুর, খুলনা, নওগাঁ, লক্ষ্মীপুর, নীলফামারী, ঠাকুরগাঁও ও সিলেট।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।